বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.১০৫৩

তারিখ: ২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

দপ্তরাদেশ

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত মাননীয় সংসদ সদস্যগণের প্রতিশ্রুত ও প্রত্যাশিত কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় সেলের ১২/০৮/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার রেকর্ড অব নোটস এবং মোঃ আশরাফ উদ্দিন, মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-৫ এবং সরদার মোঃ সাখাওয়াত হোসেন, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-৪ মহোদয়ের ডিও লেটার এর পরিপ্রেক্ষিতে নরসিংদী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নরসিংদী এর আওতায় ''রায়পুরা উপজেলার চরমধূয়া ইউনিয়নের ত্রিমূহনী হতে নিলক্ষা ইউনিয়নের চংপাড়া পর্যন্ত মেঘনা শাখা নদীর নাব্যতা রক্ষার্থে পুনঃখনন এবং বেলাব উপজেলার বেলাব উপজেলা পরিষদ হতে আমলাব বাজার জামে মসজিদ ও শাহ আলী (রহঃ) মাজার সংলগ্ন পর্যন্ত আড়িয়াল খাঁ নদী ভাঙ্গন রক্ষার্থে এবং ব্রহ্মপুত্র নদীর ভাঙ্গন হতে মেরাতলীকান্দা থেকে দীঘলদী পর্যন্ত নদী তীর সংরক্ষণ'' শীর্ষক প্রকল্পের জন্য ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

ক্র. নং	কর্মকর্তাগণের নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান
১।	**তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।**	**আহবায়ক**
২।	জনাব মোঃ শরিফুল আলম, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি. ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব মোঃ বদিউল আলম খন্দকার, গবেষণা কর্মকর্তা (সমাজবিজ্ঞান), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬।	**নির্বাহী প্রকৌশলী (পুর), নরসিংদী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নরসিংদী।**	**সদস্য-সচিব**

<u>কমিটির কার্যপরিধি</u> :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার; স্থানীয় সংসদ সদস্য/জনপ্রতিনিধি/জনগণ; প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণের সাথে আলোচনার মাধ্যমে মতামত প্রদান;

খ) বর্ণিত প্রস্তাবিত প্রকল্পের আওতায় নদীর নাব্যতা রক্ষার্থে পুনঃখনন এবং নদীভাঙন রোধ ও নদীতীর সংরক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রমের প্রয়োজনীয়তা ও সম্ভাব্যতা যাচাইপূর্বক কারিগরি মতামত ও সুপারিশ প্রদান;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কারিগরি/সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বিবেচনাপূর্বক বর্তমান পরিস্থিতির আলোকে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রদান;

ঘ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

ঙ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা, কীভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, তাঁতি, শিক্ষার্থী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রাপ্ত সুফল সম্পর্কিত মতামত প্রদান;

চ) প্রকল্প এলাকায় সুপারিশকৃত কার্যক্রম/অবকাঠামো প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র A3 সাইজের কাগজে সংযোজন;

চলমান পাতা - ১ / ২

ছ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন;

জ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।


৩। কমিটি প্রতিটি প্রকল্পের জন্য পৃথক প্রতিবেদন দাখিল করবেন।

৪। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব এ.এইচ.এম. সাহিদুর রহমান, নির্বাহী প্রকৌশলী (পুর), ড্যাম এন্ড ব্যারাজ এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি. ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ বদিউল আলম খন্দকার, গবেষণা কর্মকর্তা (সমাজবিজ্ঞান), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।




১৮-১০-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.১০৫৩/১ (১১)

তারিখ: ২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঢাকা পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
৮। প্রধান পানি ব্যবস্থাপনা, প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১০। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
১১। দপ্তর কপি।



১৮-১০-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)